# স্নাতকোত্তর পাঠক্রম

## শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ২০০৬ পার্ট-১

## বাংলা

### দ্বিতীয় পত্র

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

(মানের গুরুত্ব ঃ ৮০%)

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিস্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (উত্তরের শব্দসীমা ২৫০ থেকে ৩০০) ঃ ১৮×২=৩৬

(ক) আমেরিকায় গঠনমূলক ভাষাবিজ্ঞানের চর্চা উনিশ শতকের শেষ থেকে বিশ শতকের মাঝামাঝি পর্যন্ত। — বিষয়টি সংক্ষেপে আলোচনা করুন।

(খ) বাংলা বাক্যের গঠন নিয়ে আলোচনা করুন।

(গ) ভাষাপরিকল্পনা বলতে কী বোঝায় তা নিয়ে আলোচনা করুন।

(ঘ) পাশ্চাত্য সাহিত্যতত্ত্বে অবয়ববাদী সমালোচনা পদ্ধতি নিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (উত্তরের শব্দসীমা ২০০ থেকে ২৫০) ঃ ১২×৩=৩৬

(ক) 'নব্যবৈয়াকরণ' কাদের বলা হয়? তাঁদের মতবাদ সম্পর্কে আলোচনা করুন।

(খ) বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগ নিয়ে একটি নিবন্ধ রচনা করুন।

(গ) বাংলা ক্রিয়াবিভক্তি নিয়ে আলোচনা করুন।





(ঘ) উপভাষার উপাত্ত সংগ্রহের পদ্ধতি নিয়ে আলোচনা করুন। উপাদান হিসেবে কোন কোন উপাদান নির্বাচন করা হয় তার পরিচয় দিন।

(ঙ) বাংলা বানান সমস্যা ও বানান সংস্কার নিয়ে আলোচনা করুন।

(চ) ধ্বনি পরিবর্তন বলতে কী বোঝায়? ধ্বনি পরিবর্তনের নিয়মগুলি আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (উত্তরের শব্দসীমা ১০০ থেকে ১৫০) ৭×৪=২৮

(ক) সংক্ষিপ্ত টীকা লিখুন ঃ অধোগঠন — অধিগঠন।

(খ) সংক্ষিপ্ত টীকা লিখুন ঃ মুক্তদল, রুদ্ধদল, অনসেট, কোডা (দুটি ক'রে উদাহরণ দিন)।

(গ) বাগযন্ত্র চিত্রসহ নির্দেশ করুন।

(ঘ) ধ্বনিকল্প নির্ণয়ের সূত্রটি উদাহরণসহ লিখুন।

(ঙ) পারস্পরিক বোধগম্যতা নিয়ে আলোচনা করুন।

(চ) বক্রোক্তি সম্পর্কে কুন্তকের মত লিপিবদ্ধ করুন।